

শিশুদের ঝরেপড়া রোধে ব্যবস্থা গ্রহণের সুপারিশ

যাযায়দি রিপোর্ট

নিরক্ষরতা দূরীকরণে প্রাথমিক বিদ্যালয় থেকে শিশুদের ঝরেপড়া রোধে প্রতিটি বিদ্যালয়ে মা সমাবেশ নিয়মিত আয়োজন ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সুপারিশ করেছে সংসদীয় কমিটি। মঙ্গলবার সংসদ ভবনে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটির ২৬তম বৈঠকে এ সুপারিশ করা হয়। কমিটির সভাপতি আলহাজ্ব মমতাজ বেগমের সভাপতিত্বে বৈঠকে অন্যদের মধ্যে অংশগ্রহণ করেন, কমিটির সদস্য ও প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. মোতাহার হোসেন, মে. জাতিউর রহমান আতিক, আফাজ উদ্দিন আহমেদ, আব্দুল মান্নান, তালুকদার মে. ইউনুস, অধ্যক্ষ হাদিছা হাভুন শেফালী এবং জোবেদা হাভুন। সংসদ সচিবালয় সূত্র জানায়, বৈঠকে ২০১৪ সালের মধ্যে দেশ থেকে নিরক্ষরতা দূরীকরণ ও প্রাথমিক বিদ্যালয় থেকে শিশুদের ঝরেপড়া রোধে আলোচনা হয়। এ সময়ে শিশুরা যেন কোনোভাবেই প্রাথমিক বিদ্যালয় থেকে ঝড়ে না পড়ে সেজন্য প্রয়োজন বোধে



প্রতিটি বিদ্যালয়ে মা সমাবেশ নিয়মিত করতে বলা হয়েছে

বিদ্যালয়সমূহে মা সমাবেশ নিয়মিত আয়োজন ও জোরদার করার পরামর্শ দেন। এছাড়া বৈঠকে প্রাথমিক বিদ্যালয়ে কর্মরত শিক্ষকদের বিভিন্ন সমস্যা নিয়ে আলোচনা করা হয় এবং শিক্ষকদের উপস্থেলার ভেতরে বদলি কার্যক্রম চালু রাখার সুপারিশ করা হয়। প্রাথমিক শিক্ষাকে শিশুদের নিকট আকর্ষণীয় করতে প্রাথমিক বিদ্যালয়ে পাঠদানের ক্ষেত্রে বাধ্যতামূলকভাবে উপকরণ ব্যবহারের উপর গুরুত্বারোপ করা হয় এবং প্রতিটি বিদ্যালয়ে কাব কার্যক্রম চালু করার সুপারিশ করা হয়। এছাড়া ২৫তম বৈঠকে গৃহিত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন বৈঠকে উপস্থাপন করা হয় এবং এ নিয়ে বিস্তারিত আলোচনা হয়।

এছাড়াও শিশুদের নিকট প্রাথমিক শিক্ষাকে আকর্ষণীয় করতে প্রতিটি বিদ্যালয়ে মিনি পার্ক নির্মাণসহ ফুলের বাগান, দোলনা ও খেলাধুলা সরঞ্জাম দিয়ে শিশু বাহুব পরিবেশ তৈরির ওপর গুরুত্বারোপ করা হয়। বৈঠকে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা এবং জাতীয় সংসদের কর্মকর্তারা উপস্থিত ছিলেন।